

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

16 SEPTEMBER 2026

7:45—7:55PM

(১) নগাঁও লোকসভা উপ-নির্বাচনের জন্য বিজেপি, কংগ্রেস এবং এ আই ইউ ডি এফ প্রার্থীর মনোনয়ন পত্র দাখিল/

(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে আগামীকাল থেকে সেবা সমর্পণ মাসের আয়োজন/সমগ্র দেশে আগামীকাল ‘পরিচ্ছন্নতাই সেবা অভিযান-২০২৬’ এর সূচনা/

(৩) বিশ্ব অ’জন দিবস উপলক্ষে মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়ার আসাম শীতলীকরণ কর্মপন্থা চালু/

এবং

(৪) হাইলাকান্দি জেলার রামনাথপুর থেকে আনুমানিক ৩২৭ কোটি টাকা মূল্যের ইয়াবা ট্যাবলেট উদ্ধার/ শ্রীভূমি শহরের কবরস্থান থেকে আজ প্রায় ১৫ বছর আগের তিনটি মৃতদেহের হাড়গোড় ও দাঁত তুলে ডি এন এ টেস্টের জন্য প্রেরণ/

নগাঁও লোকসভা আসনের উপনির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আজ শেষ দিনে বিজেপি প্রার্থী দেবশিষ শর্মা , কংগ্রেস প্রার্থী প্রাক্তন বিধায়ক শিবামণি বরা , এ আই ইউ ডি এফ প্রার্থী বদরুদ্দিন আজমল এবং তৃণমূল কংগ্রেস দলের প্রার্থী আব্দুল সালাম মনোনয়নপত্র দাখিল করেন ।প্রার্থীরা দলীয় নেতা কর্মীদের সঙ্গে নিয়ে নগাঁও জেলা আয়ুক্ত তথা নির্বাচন আধিকারীকের কাছে মনোনয়ন দাখিল করেন । বিজেপি প্রার্থী দেবশিষ শর্মার মনোনয়ন দাখিলের সময় বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া , মন্ত্রী পীযুষ হাজারিকা সহ দলের শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন ।উল্লেখ্য আগামী ৬

অক্টোবর নগাঁও লোকসভা আসনের উপনির্বাচন অনুষ্ঠিত হবে এবং ৯ অক্টোবর ভোট গণনা করা হবে ।

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য নেশামুক্ত ও ড্রাগ্‌স মুক্ত অভিযানে অংশ নিতে আগামী শুক্রবার শ্রীভূমি আসছেন । কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রণালয়ের ধ্রুবাবাহী প্রকল্প- নেশামুক্ত ভারত অভিযানের আওতায় নেশামুক্ত ও ড্রাগ্‌স মুক্ত ভারত গড়ে তুলতে রাজ্য সরকারের উদ্যোগে সমগ্র আসামে আগামীকাল থেকে আগামী দোসরা অক্টোবর পর্যন্ত চালানো সচেতনতা অভিযানে অংশ নিতে রাজ্যপাল শ্রীভূমি আসছেন । রাজ্যপালের শ্রীভূমি সফরের কার্যসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করতে আজ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ে সভাকক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় রাজ্যপালের সফরসূচি সুষ্ঠু ও নির্বিঘ্নে আয়োজন করার জন্য যাবতীয় বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিবস তথা একসঙ্গে মুখ্যমন্ত্রী এবং প্রধানমন্ত্রী হিসেবে ২৫ বছর সম্পূর্ণ করা উপলক্ষে দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে আসামেও আগামীকাল থেকে আগামী ১৭ ই অক্টোবর পর্যন্ত সেবা সমর্পন মাসের আয়োজন করা হয়েছে । এই সময় কুইজ , আবৃত্তি ইত্যাদি প্রতিযোগিতা সহ বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা প্রধানমন্ত্রী মোদীর জন্মদিন উপলক্ষে আগামীকাল সন্ধ্যায় মাটির প্রদীপ প্রজ্জ্বলন করতে আসামবাসীর প্রতি আহ্বান জানান । সামাজিক মাধ্যমে এক বার্তায় মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আসামের উন্নয়নের ক্ষেত্রে প্রধানমন্ত্রীর অবদানের বিষয়ে উল্লেখ করে এই অবদানের স্বীকৃতি স্বরূপ প্রধানমন্ত্রীর প্রতি সম্মান প্রদর্শন করতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে আগামীকাল সন্ধ্যায় শ্রীভূমি জেলায় আশীবাদের একটি প্রদীপ প্রজ্জ্বলন করা হবে । এই কর্মসূচীর অঙ্গ হিসেবে আগামীকাল প্রধানমন্ত্রী আবাস যোজনার ঘরে , অরুণোদয় সুবিধাপ্রাপকদের ঘরে , রেশন দোকান , প্রকাশ্য স্থান সহ সব নাগরিকদের ঘরে একটি করে প্রদীপ প্রজ্জ্বলন করার আহ্বান জানানো হয়েছে । এই প্রদীপটি প্রধানমন্ত্রীর প্রতি আন্তরিক শুভকামনা ও আশীবাদের প্রতীক হওয়ার পাশাপাশি বিভিন্ন যোজনার মাধ্যমে আর্থিকভাবে দুর্বল জনগনের জীবনে যে আশার আলো নিয়ে এসেছে তা প্রতিফলিত করবে । শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ

থেকে আগামীকাল সন্ধ্যায় প্রদীপ প্রজ্জ্বলন করে প্রধানমন্ত্রীকে জন্মদিনের আন্তরিক শুভেচ্ছা জানানো ও সেবা , সংকল্প এবং জনকল্যানের এই গৌরবময় যাত্রায় অংশীদার হওয়ার জন্য জনসাধারণকে অনুরোধ করা হয়েছে ।

সমগ্র দেশে আগামীকাল পরিচ্ছন্নতাই সেবা অভিযান-২০২৬ আরম্ভ হবে । আগামী ১৭ই অক্টোবর পর্যন্ত এই অভিযান চলবে। এর অধীনে ‘আবর্জনা থেকে সম্পদ’ এই উদ্যোগের মাধ্যমে পূর্বে চিহ্নিত স্থান এবং বেশি ভীড় হওয়া প্রকাশ্য স্থানসমূহ পরিষ্কার করে তোলা, যুবপ্রজন্মের অংশগ্রহণ বৃদ্ধি এবং পরিচ্ছন্নতা থেকে সমৃদ্ধির প্রসারের উপর গুরুত্ব আরোপ করা হবে । এই বছরের এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে- ‘পরিচ্ছন্নতার অভিযানে সহযোগিতা- পরিষ্কার ভারত, বিকশিত ভারত’ । এই বিষয়বস্তুকে সামনে রেখে পরিষ্কার ও বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গী পূরণের ক্ষেত্রে সামগ্রিক অংশগ্রহণ ও যৌথ দায়িত্বের বিষয়ে আলোকপাত করা হয়েছে ।

আজ বিশ্ব অজন দিবস ।এবার এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে - ‘ ধরিত্রীর জন্য বিশ্বজনীন ব্যবস্থা ’ ।এই দিবস উপলক্ষে কেন্দ্রীয় পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন দপ্তরের প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিং সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে এই দিবস অজন স্তরকে সুরক্ষিত রাখার প্রয়াস যে নিজেদের ঘর থেকেই আরম্ভ হয় তা স্মরণ করিয়ে দেয় ।অজন স্তরকে ক্ষতিকারক অতি বেগুনি রশ্মির বিরূপ প্রভাব থেকে আমাদের রক্ষা করার কবচ বলে তিনি অভিহিত করেন ।

আসামেও আজ বিশ্ব অজন দিবস উপলক্ষে রাজ্যের পরিবেশ , বন ও জলবায়ু পরিবর্তন বিভাগ তথা আসাম জলবায়ু পরিবর্তন ব্যবস্থাপনা সমাজের উদ্যোগে খানাপারার অসম প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে রাজ্য পর্যায়ের অনুষ্ঠানের আয়োজন করা হয় ।অনুষ্ঠানে বন ও পরিবেশ মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আসাম শীতলীকরণ কর্মপন্থা উন্মোচন করেন ।ওয়ারল্ড রিসোর্সেস ইনস্টিটিউট ইন্ডিয়ার কারিগড়ি সহযোগিতায় প্রস্তুত করা এই কর্মপন্থা ভবন , শিল্পপ্রতিষ্ঠান , কোল্ড চেইন এবং পরিবহন ক্ষেত্রে বহনক্ষম তথা কম খরচের শীতলীকরণের ওপর গুরুত্ব আরোপ করবে ।অনুষ্ঠানে ভাষণ দিয়ে মন্ত্রী শ্রী মল্লবরুয়া বলেন যে উন্নয়নের সমান্তরালভাবে ঔদ্যোগীকরণেরও প্রয়োজন রয়েছে ।তবে উন্নয়নের সঙ্গে সঙ্গে ভবিষ্যৎ প্রজন্মকে সুরক্ষিত রাখতে বহনক্ষম বিকাশ এবং পরিকল্পনা প্রস্তুত করতে হবে । ঔদ্যোগীকরণের সমান্তরালভাবে পরিবেশের ভারসাম্য রক্ষা করা অত্যন্ত জরুরী বলে

উল্লেখ করে বিজ্ঞান এবং প্রযুক্তির সহায়তায় পরিবেশের ওপর চাপ হ্রাস করার ওপর তিনি গুরুত্ব আরোপ করেন ।

জনতার শিল্পী জুবিন গর্গের প্রতি সম্মান জানিয়ে তাঁর সৃষ্টিরাজি উদযাপনের জন্যে আগামী ১৯শে সেপ্টেম্বর রাজ্যজুড়ে জুবিন দিবস পালন করা হবে । কলাগুরু আর্টিস্ট ফাউন্ডেশন, জুবিন গর্গ ন্যাস সহ বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের উদ্যোগে এবং রাজ্যের সাংস্কৃতিক সঞ্চালকালয়ের সহযোগিতায় সোনাপুরের জুবিন ক্ষেত্রে আগামীকাল থেকে তিনদিন ব্যাপী জুবিন দিবস উদযাপন করা হবে ।

আসাম রাইফেলস'এর বাহিনী শিলচরের রাজস্ব গোয়েন্দা সঞ্চালকালয়- (ডি আর আই)এর সহযোগিতায় আজ হাইলাকান্দি জেলার রামনাথপুর এলাকা থেকে ১০৯ কিলোগ্রাম দুশো গ্রাম ওজনের ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে, যার আনুমানিক বাজারমূল্য ৩২৭ কোটি টাকা । গোপন সূত্রের খবরের ভিত্তিতে আসাম রাইফেলস এবং ডি আর আই একযোগে গত ২৪ ঘন্টায় অভিযান চালিয়ে এই অবৈধ ট্যাবলেট সমূহ বাজেয়াপ্ত করে । এই অভিযানের ফলে দুটি ট্রাকে বোঝাই ৫৪৬ প্যাকেট ইয়াবা ট্যাবলেট, একটি মোবাইল ফোন, একটি আধার কার্ড এবং একটি ড্রাইভিং লাইসেন্স উদ্ধার করা হয়েছে । এই ঘটনায় জড়িত সন্দেহে একজনকে আটক করা হয়েছে । প্রায় ১১০ কিলোগ্রাম ওজনের এই বিশাল পরিমাণ নেশাযুক্ত দ্রব্য উদ্ধার হওয়ার বিষয়টি এই অঞ্চলে সাম্প্রতিক সময়ের সবচেয়ে বেশি পরিমাণ জব্দ করার ঘটনা বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

শ্রীভূমি শহরের কবরস্থান থেকে প্রায় ১৫ বছর পর তিনটি মৃতদেহের হাড়গোড় ও দাঁত উদ্ধার করা হয়েছে । আদালতের নির্দেশে আজ পুলিশ, ফরেনসিক ও মেডিকেল টিমের উপস্থিতিতে এই উদ্ধার অভিযান চালানো হয় । উদ্ধার হওয়া হাড়গোড় এবং দাঁত ডি এন এ টেস্টের জন্য পাঠানো হয়েছে । এই বিষয়ে আমাদের শ্রীভূমি সংবাদদাতা জানিয়েছেন যে- ঘটনার সূত্রপাত আজ থেকে ১৫ বছর আগে- অর্থাৎ ২০১১ সালের মে মাসে । ত্রিপুরার আশিস সোম নামের এক শিক্ষক নিখোঁজ হওয়ার পর তার পরিবারের কাছে ২৫ লক্ষ টাকা মুক্তিপণ দাবি করা হয় । পরে পরিবারের পক্ষ থেকে মুক্তিপণ দেওয়া হলেও ওই শিক্ষকের আর খোঁজ পাওয়া যায়নি । পরবর্তীতে শ্রীভূমি জেলার শনবিলে এক অজ্ঞাতপরিচয় ব্যক্তির মৃতদেহ উদ্ধার হলে তা সনাক্ত না হওয়ায় শ্রীভূমি শহরের কবরস্থানে দেহটি কবর দেওয়া হয় । একইসময়ে

আরো দুটি অজ্ঞাতপরিচয় মৃতদেহ সেখানে কবর দেওয়া হয় । পরে শনবিদ থেকে উদ্ধার হওয়া মৃতদেহটি নিখোঁজ শিক্ষক আশিস সোমের হতে পারে বলে তার পরিবারের পক্ষ থেকে সন্দেহ প্রকাশ করে বিষয়টি নিয়ে তারা আদালতে যান । দীর্ঘ আইনী প্রক্রিয়ার পর আদালত মৃতদেহটির ডি এন এ টেস্টের নির্দেশ দেয় । তবে একইসময়ে কবর দেওয়ায় অন্য দুটি মৃতদেহ নিয়েও পরিচয় নিশ্চিত করার প্রয়োজন দেখা দেওয়ায় তিনটি মৃতদেহের অবশিষ্টই কবর থেকে তোলা হয়েছে । তবে ডি এন এ টেস্টের পরই প্রকৃত সত্য জানা যাবে বলে আমাদের শ্রীভূমি সংবাদদাতা জানিয়েছেন ।

শিলচর পৌর নিগম নির্বাচন-২০২৬ এর জন্য আগামীকাল ও আগামী শনিবার কাছাড় কলেজে প্রথম পর্বের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে যে সকাল সাড়ে দশটা থেকে প্রথম পর্ব এবং দুপুর দেড়টা থেকে দ্বিতীয় পর্বের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে ।

হাইলাকান্দি থানার অন্তর্গত কুচিলা গ্রামে আজ সকালে বজ্রপাতে এক শ্রমিকের মৃত্যু হয়েছে এবং আরো দুজন আহত হয়েছেন । হাইলাকান্দি বাসডহর প্রথম খন্ডের বাসিন্দা তৈয়বুর রহমান চৌধুরী আজ সকাল প্রায় সাড়ে ১০ টা নাগাদ কুচিলা গ্রামে কর্মরত অবস্থায় বজ্রপাতের ঘটনা সংঘটিত হয় । এই ঘটনায় তার মৃত্যু হয় এবং তার সঙ্গে থাকা অপর দুজন আহত হন । আহত লোকদের হাইলাকান্দি অসামরিক হাসপাতালে প্রেরণ করা হয়েছে ।

হাইলাকান্দি রেলস্টেশনে আজ সকালে রেল কাটা পরে এক যুবকের মৃত্যু হয়েছে । ৫৫৬৬৮ নম্বরের ভৈরবী - শিলচর চলন্ত ট্রেন থেকে নামার সময় হাইলাকান্দি রেলস্টেশনে এই দুর্ঘটনা সংঘটিত হয়েছে বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন । মৃত যুবক লালা থানার অধীন আইনাখাল গ্রামের বাসিন্দা বলে জানা গেছে । রেল পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ।
